

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা
www.erd.gov.bd

তারিখ: ০৮ অক্টোবর, ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

আজ ০৮ অক্টোবর, ২০১৭ তারিখ রবিবার অপরাহ্নে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে বাংলাদেশ সরকার ও সৌদি ফান্ড ফর ডেভেলপমেন্ট এর মধ্যে “Establishment of Burn and Plastic Surgery Units Project” প্রকল্পে অর্থায়নের জন্য ১২২.৫০ মিলিয়ন সৌদি রিয়াল (সমতুল্য ৩০.০০ মি:মা:ড:)-এর একটি ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে।

২। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ শামসুল আলম (প্রশাসন ও মধ্যপ্রাচ্য) বাংলাদেশ সরকারের পক্ষে এবং সৌদি ফান্ড ফর ডেভেলপমেন্টের পক্ষে সংস্থাটির Director General জনাব Ahmed Mohamed Alghanam ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। এ সময় বাংলাদেশ সরকার ও সৌদি ফান্ডের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

৩। স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন স্বাস্থ্য অধিদপ্তর প্রকল্পটি বাস্তবায়ন করবে। প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো এর আওতায় নির্বাচিত ০৫ (পাঁচ) টি যথা রাজশাহী, বরিশাল, সিলেট, রংপুর ও ফরিদপুর মেডিকেল কলেজ ও হাসপাতাল ক্যাম্পাসে অগ্নিদগ্ধ রোগীদের চিকিৎসার জন্য ‘Burn and Plastic Surgery Unit’-এর স্থাপনা নির্মাণ করা। ফলশ্রুতিতে বাংলাদেশের অগ্নিদগ্ধ রোগীদের স্বল্প ব্যয়ে দ্রুততার সাথে চিকিৎসা সেবা প্রদান এবং পরবর্তীতে Reconstructive Surgery-এর মাধ্যমে অগ্নিদগ্ধ রোগীদের সুস্থ ও স্বাভাবিক জীবনে পুনর্বাসন নিশ্চিত করা সম্ভব হবে। প্রকল্পটির দ্রুত ও সুষ্ঠু বাস্তবায়নে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সচেষ্ট রয়েছে।

৪। সৌদি ফান্ড ফর ডেভেলপমেন্ট বাংলাদেশের উন্নয়নে দীর্ঘদিনের পরিক্ষীত বন্ধুপ্রতীম উন্নয়ন সহযোগী। সংস্থাটি অদ্যাবধি বাংলাদেশের উন্নয়ন কর্মকান্ডে বিশেষত সড়ক পরিবহন, বিদ্যুৎ ও স্বাস্থ্য খাতের উন্নয়নে আর্থিক সহায়তা প্রদান করে আসছে। ১৯৯১ সালের এপ্রিল মাসের প্রলয়ংকারী ঘূর্ণিঝড়ের পর সৌদি ফান্ড অবকাঠামো উন্নয়নে ৪০০.০০ মিলিয়ন সৌদি রিয়াল (সমতুল্য ১০৬.০০ মি:মা:ড:) অনুদান সহায়তা দেয়। অদ্যাবধি সৌদি ফান্ডের আর্থিক সহায়তায় ১০টি প্রকল্পের বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উভয় পক্ষ আশাবাদ ব্যক্ত করে যে, বন্ধুপ্রতীম দু’দেশের মধ্যে দ্বিপাক্ষিক উন্নয়নের ক্ষেত্রে ভবিষ্যতে সহযোগিতা উত্তরোত্তর বৃদ্ধি পাবে।

 ০৮.১০.১৭

আছাদুল হক
সহকারী প্রধান
মধ্যপ্রাচ্য-১ শাখা
ফোনঃ ৯১৪০৫১৮

